গাংনীতে বিদ্যুৎস্পর্শে চা দোকানির মৃত্যু

মেহেরপুরে বিদ্যুৎস্পর্শে এক চা দোকানির মৃত্যু হয়েছে। নিহতের নাম ইসরাইল হোসেন। মঙ্গলবার (২ জানুয়ারি) সকাল ৬টার দিকে বৈদ্যুতিক তারের সংযোগ দিতে গিয়ে এ ঘটনা ঘটে।

মৃত ইসরাইল গাংনী উপজেলার বাওট গ্রামের ইউনুস আলীর ছেলে। তিনি মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট বাজারে চা বিক্রির ব্যবসা করতেন।

স্থানীয়রা জানিয়েছেন, ইসরাইল হোসেন মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট বাজারে চা বিক্রি করতেন। মঙ্গলবার সকালে ইসরাইল দোকানে এসে বিদ্যুতের তার মেরামত করার সময় বিদ্যুৎস্পর্শ হন। ঘন কুয়াশা থাকায় কিছুই দেখা যায়নি।

সকাল সাড়ে ৭টার দিকে মসজিদে কোরআন পড়তে আসা শিশুরা ছাদ থেকে একজন পড়ে থাকতে দেখে চিৎকার দেয়। স্থানীয়রা দ্রুত সেখান থেকে ইসরাইল হোসেনকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে পরবর্তীতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন

গাংনীতে দুই মোটরসাইকেল সংঘর্ষে কলেজ শিক্ষকের মৃত্যু

মেহেরপুর গাংনীতে মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে কাজিপুর কলেজের সহকারী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক রিয়াজ আহমেদ(৪৫) নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার (২ জানুয়ারী) তিনটার সময় ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। রিয়াজের মামাত ভাই বশির আহমেদ এ তথ্য নিশ্চিত করেন।

রিয়াজ আহমেদ গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের মাঠপাড়া এলাকার আহমেদ আলীর ছেলে। সে কাজিপুর ডিগ্রি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক। তিনি বাংলাদেশ ছাত্রলীগের গাংনী উপজেলা শাখার সাবেক সভাপতি ছিলেন।

গতকাল সোমবার (১ জানুয়ারী) সকাল সাড়ে ৭ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের চেংগাড়া চোখতোলা মাঠের মাঝখানে বিপরীতে দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মারাত্বক আহত হন। এঘটনায় অপর মোটরসাইকেল আরোহী সোনালী ব্যাংকের জোড়পুকুরিয়া শাখার ক্যাশিয়ার রাসেল আহম্মেদ আহত হন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক বোধা দাস গুপ্ত (বিডি দাস) তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রিয়াজ আহমেদের অবস্থার আরো অবনতি হলে দুপুরের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে নেয়া হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম নিহতের পারিবারিক সুত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

গাংনীতে নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগরের ভোট চেয়ে পথসভা

গাংনীতে নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সন্ধ্যার পর গাংনী সংসদীয় আসনের ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে পথসভা করেন নাজমুল হক সাগর ও আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা।

পথসভায় নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর ধানখোলা বাজারের বিভিন্ন ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করেন এবং ভোট প্রার্থনা করেন। বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রার্থী ডা.নাজমুল হক সাগরকে পেয়ে ধানখোলা বাজারের ব্যবসায়ীরা আবেগ আপ্লুত হয়ে পড়েন। উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে ভোটকেন্দ্রে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন নৌকার প্রার্থী নাজমুল হক সাগরকে বিজয়ী করতে।

ধানখোলা বাজারে পথসভা শেষে তিনি জালশুকা গ্রামে পথসভা করতে যান। জালসুকা গ্রামে বিভিন্ন মোড়ে মোড়ে তিনি সাধারণ ভোটারদের সাথে মতবিনিময় করেন এবং নৌকাকে বিজয়ী করার জন্য তিনি নৌকায় ভোট চান।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি সিরাজুল ইসলাম, গাংনী উপজেলার সাবেক চেয়ারম্যান এ্যাডভোকেট শফিকুল আলম, জেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ আওয়ামীলীগের নেতাকর্মী।

গাংনীতে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকেল ৩ টা সময় কাথুলীর ধলা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে শীত বস্ত্র বিতরণ কার্যক্রম অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শীত বস্ত্র বিতরণ কার্যক্রমে এলাকার ২০০ জন অসহায় দুস্থ মানুষের মাঝে ১ টি করে কম্বল দিয়ে স্বেচ্ছাসেবী সংগঠন কাথুলী ব্লাড ফাউন্ডেশন ভালোবাসা বিনিময় করেন।

ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের ৩ দিনের প্রশিক্ষণ গ্রহন করে তার অনুপ্রেরণায় এক ঝাক তরুণ ছেলে মেয়ে এই সংগঠন প্রতিষ্ঠিত করে। যা

আজকে ১ বছর পূর্তি হলো।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম, প্রধান উপদেষ্টা নাছিম আহম্মেদ, উপদেষ্টা ও ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ, অনলাইন কার্যক্রম উপদেষ্টা ফারজানা দ্বীপা, সাবেক ইউ পি সদস্য ভাবিরন নেছা, মোশারোফ হোসেন, ইউনিয়ন ভোলেন্টিয়ার ফোরামের সভাপতি মফিজুর রহমান,সহ কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সকল এক্টিভ সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর সভাপতি বাশারুল ইসলাম বলেন ১ বছরে এই সংগঠন ৩ ৯৬ ব্যাগ রক্ত দিতে সক্ষম হয়েছে।এবং কাথুলী ব্লাড ফাউন্ডেশন ইতিমধ্যে নিজের জেলা ছাড়াও রাজশাহী, ঢাকা ,কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, জোন নিয়ে কার্যক্রম পরিচালনা করছেন।

পাশাপাশি আশেপাশের অসহায় গরীব দুঃখী মানুষের পাশে থেকে কাজ করে যাচ্ছে এই সংগঠন। সকলের ভালোবাসা পেলে আরো এগিয়ে যাবে বলে আশা রাখছি।

গাংনীতে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের সংবাদ সম্মেলন

মেহেরপুর-২ (গাংনী) আসনের আওয়ামী লীগের দলীয় প্রার্থী ডাক্তার এ এসএম নাজমুল হক সাগরের কর্মী-সমর্থক সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান ও বামুন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস নৌকার প্রার্থীর পক্ষে প্রচারনাকালে একটি মহল্লায় সাধারণ ভোটারদের উদ্দেশে তিনি বলেছেন,যারা নৌকায় ভোট দিবেন তারাই শুধু ভোট কেন্দ্রে যাবেন, নৌকার ভোট দিতে না চাইলে কেন্দে আসার দরকার নাই। নৌকা প্রার্থীর একটি পথসভায় বক্তব্যকালে তিনি নৌকায় ভোট না দিলে বাড়িতে থাকবেন বলে মন্তব্য করেছেন।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বই বিতরণ অনুষ্ঠিত

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বছরের প্রথম দিনেই বই বিতরণ উৎসব অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ক্যাম্পাসে সকল শ্রনীর ছাত্র ছাত্রীদের হাতে প্রধান মন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই তুলে দিয়েছেন। যা একটি উৎসবে পরিনত হয়েছে।

বই বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম। সঞ্চালনা করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা সহ উপস্থিত ছিলেন কুতুব্বর স্কুল এন্ড কলেজের সকল সরকারি শিক্ষক ও প্রভাষক বৃন্দ। এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য জিনার উপস্থিতি তে বই বিতরণ কার্যক্রম শুরু হয়।

এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা বলেন প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ কে শিক্ষাখাতে ব্যাপক উন্নয়ন ঘটিয়েছেন। সেই ধারাবাহিকতায় আজকে বছরের প্রথম দিনে এক যোগে সারা বাংলাদেশে সকল শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়েছেন। যার ফলে গরীব মেধাবী ছাত্র ছাত্রীদের পড়া শোনা করার সুযোগ পেয়েছেন। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী মিফতিয়া জান্নাত বলেন বছরের প্রথম দিনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই পেয়ে আমরা অনেক খুশি। এই বই পেয়ে আমরা সকল বন্ধুরা মিলে একসাথে লেখাপড়া শুরু করতে পারবো। এবং আমার ক্লাসের সকলে মিলে পড়ায় মনোযোগ দিতে পারবো। প্রধান মন্ত্রী শেখ হাসিনা বই না দিলে হয়তো আমরা সবাই একসাথে লেখাপড়া করতে পারতাম না কারন সবার বই বই কেনার সামর্থ নেই। তাই প্রধান মন্ত্রী শেখ হাসিনা কে

ধন্যবাদ।

এ পর্যায়ে সকল ছাত্র ছাত্রী নতুন বই পেয়ে আনন্দ উল্লাসে মুখরিত করে তোলে কুতুবপুর স্কুল এন্ড কলেজ ক্যাম্পাস যা উৎসবে পরিনত হয়েছে।

মেহেরপুর-২ আসনের নৌকা প্রার্থীকে শোকজ

নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের কারনে মেহেরপুর-২ সংসদীয় আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ডা. আবু সালেহ মো: নাজমুল হক সাগরকে শোকজ করেছে নির্বাচন অনুসন্ধান কমিটি । আগামী মঙ্গলবার ২ জানুয়ারী বেলা ১১টার সময় সশরীরে অথবা প্রতিনিধির মাধ্যমে তাকে শোকজের উত্তর দেওয়ার নির্দেশ দেয়া হয়েছে।

রবিবার ৩১ ডিসেম্বর মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ন জেলা ও দায়রা জজ-১ম আদালতের বিচারক মোঃ শাহিনুর রহমান এই শোকজ করেন।

নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয়ের সূত্রে জানা গেছে শোকজে বলা হয়েছে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচনী এলাকা মেহেরপুর-০২ (গাংনী উপজেলা) আসনে বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ডাঃ আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর পরিচালিত গাংনী হাসপাতাল বাজারস্থ এ্যাডভান্স মেডিকেয়ার লিমিটেডে অর্থ ব্যয় করে ফ্রী মেডিকেল ক্যাম্প স্থাপন করেন। এবং অন্য চিকিৎসকদের নিয়ে রোগীদেরকে ফ্রি সেবার নামে প্রেসক্রিপশনের অপর পৃষ্ঠায় নির্বাচনি পোষ্টার ব্যবহার করে ভোটারদের অবৈধ ভাবে প্রভাবিত করে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরন বিধিমালা লঙ্ঘন করায় তাকে শোকজ করেছেন নির্বাচনী অনুসন্ধান কমিটি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

মেহেরপুর-২ (গাংনী) আসনের স্বতন্ত্র প্রার্থী সাবেক এমপি বীর মুক্তিযুদ্ধা মো: মকবুল হোসেন আওয়ামীলীগের দলীয় প্রার্থীর বিরুদ্ধে সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন।

আজ বুধবার (২৭ ডিসেম্বর) বিকেলে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেন তার নিজ বাড়িতে এই সাংবাদ সম্মেলন করেন।

এসময় উপস্থিত ছিলেন, কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ছড়াকার ইয়াসিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল, ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আজগর, কাথুলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাম্মেল হক, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল বারী, জেলা ছাত্র লীগের সাবকে সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু। এসময় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্র লীগসহ সহযোগী সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

জেলা ছাত্র লীগের সাবকে সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু বক্তব্যে বলেন, বীর মুক্তিযোদ্ধার মোকবুল হোসেন গাংনীর আওয়ামীলীগ রাজনীতিতে একজন পরিক্ষিত নেতা। মানুষ তাকে এমনিতেই সারা জীবন মনে রেখেছেন। রাজনীতির প্রথম থেকে এ পর্যন্ত মকবুল হোসেনের জনপ্রিয়তার কোন ঘাটতি পড়েনি। এবারও তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে ট্রাক মার্কা প্রতিক নিয়ে নির্বাচন করছেন। এবারও তার জনপ্রিয়তা দেখে অনেকেরই গায়ে জ্বালা ধরেছে। মানুষকে হুমকি ধামকি দিয়ে ভোট পাওয়া যায়না। ভাল বেসে ভোট নিতে হয়। আমরা কোন ফ্যাসাদ চইনা। ভেঅটের মাধ্যমে জনগনের মতামতের ভিত্তিতে মকবুল হোসনেকে এমপি করে গাংনীর উন্নয়ন করতে চাই।

স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন আরও বলেন, আমি কাউকে চাপ সৃষ্টি করে ভোট নিতে চাইনা। সহিংসতা, চাপ সৃষ্টি সহ নানা ধরনের অপ্রিতিকর ঘটনার মাধ্যমে ভোট চাইবো না। মানুষের ভালবাসা নিয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত হতে চাই।

তিনি বলেন, আমি আমার জীবনে মোট ১২ বার নির্বাচনে অংশ নিয়েছি। ২ বার স্বতন্ত্র প্রার্থী হিসেবে ভোট করে এমপি নির্বাচিত হয়েছি।

এমপি নির্বাচিত হয়ে কারোর প্রতি রাগের বশিভুত হয়ে হিংসাত্বক কোনো কিছু করিনি। তাই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও জনগণের বিপুল সমর্থনে আমি এমপি নির্বাচিত হতে চাই। ভোট মানুষের ভালবাসার জিনিস। মানুষ ভালোবেসে আমাকে ভোট দেবে। জনগণ এবারও তাদের পকেটের পয়সা খরচ করে আমাকে সমর্থন দিয়ে যাচ্ছেন।

তিনি বলেন, ছাত্র লীগের রাজনীতি দিয়ে রাজনীতি শুরু করেছিলাম। বঙ্গবন্ধুর ডাকে সাড়া দিয়ে জীবন বাজি রেখে মুক্তিযুদ্ধে অংশ নিয়েছি। জীবনকে আওয়ামী লীগের রাজনীতির সাথে বিলিয়ে দিয়েছি।

আশা করছি, উৎসবমুখর পরিবেশে শান্তিপুর্ণ ভাবে সুষ্ঠু ভাবে নির্বাচন হবে। প্রধান মন্ত্রীও শান্তিপূর্ণ অবাধ ও সুষ্ঠ নির্বাচন চাচ্ছেন।

ঊস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদ পরিবেশন ও সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য সাংবাদিকদেরও অনুরোধ করেন তিনি।

নির্বাচনে সরকারিভাবে দায়িত্ব পালনকারীদেরও সঠিক ও নিরপেক্ষ ভাবে দায়িত্ব পালন করারও অনুরোধ জানান তিনি।